



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০২৬.২০.১৩৫৭

তারিখ: ৮ আশ্বিন ১৪২৮

২৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বাজেটে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ব্যয় করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে খাদ্য অধিদপ্তরাধীন সংশ্লিষ্ট সকল আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে অবহিত করা যাচ্ছে যে, বর্তমানে iBAS++ এর মাধ্যমে বাজেট প্রণয়ন, ব্যয় পরিকল্পনা ও বাজেট বাস্তবায়ন করা হয়। বাজেট প্রণয়নের পর অর্থবছরের শুরুতে উক্ত বাজেট যথাযথভাবে বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা করা হয়। অর্থাৎ বাজেট বাস্তবায়ন করার জন্য সুনির্দিষ্ট ও সময়নিষ্ঠ পরিকল্পনা গ্রহণ করা হয়। কিন্তু বিগত অর্থবছরগুলোর অভিজ্ঞতা হতে দেখা যায় যে, বেতন-ভাতাদি ব্যতীত অন্যান্য খাতসমূহে চাহিদার প্রেক্ষিতে বরাদ্দকৃত অর্থ অধিকাংশ ক্ষেত্রে যথাসময়ে ব্যয় না করে অর্থবছরের শেষভাগে অর্থাৎ চতুর্থ কোয়ার্টারে ব্যয় করার অধিক প্রবণতা থাকে। এতে করে বাজেট বাস্তবায়নের যে ত্রৈমাসিক পরিকল্পনা থাকে তা যথাযথভাবে পালন করা দুরূহ হয়ে পড়ে এবং সরকারের আর্থিক ব্যবস্থাপনা ব্যাহত হয়। ফলশ্রুতিতে, সংশোধিত বাজেট প্রণয়নের সময় তা যথাযথভাবে প্রাক্কলন করা অনেকটা অসম্ভব হয়ে যায় এবং তা যথাযথভাবে প্রণয়নও করা সম্ভব হয় না। এতে করে অর্থবছরের শেষভাগে চাহিদা থাকা সত্ত্বেও অনেক খাতে বাজেট সংস্থান করা যায় না।

০২। তাছাড়া, আরো লক্ষ্য করা যায় যে, বিদ্যুৎ, পানি, পৌরকর, ভূমিকরসহ অন্যান্য ইউটিলিটি সেবার বিল যথাসময়ে পরিশোধ না করে একসঙ্গে একাধিক বিল পরিশোধ করা হয় যা মোটেও কাম্য নয়। বরং বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রতিমাসেই ইউটিলিটি বিলসহ পৌরকর ও ভূমিকর যথাসময়ে পরিশোধ করা আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, উপরের বর্ণনার আলোকে সরকারের আর্থিক ব্যবস্থাপনার শৃঙ্খলা বজায় রাখা ও যথাযথভাবে বাজেট প্রণয়নের সুবিধার্থে বাজেটে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে সরকারের প্রচলিত আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক ব্যয় করার জন্য এবং কোনক্রমেই যেন বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ব্যয় না করে অর্থবছরের শেষভাগে ব্যয় করার জন্য অযৌক্তিকভাবে ফেলে রাখা না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য নির্দেশ দেওয়া হলো।

২৩-৯-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৪

ইমেইল: dg@dgfood.gov.bd

বিতরণ :

- ১) প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্টগোলা, ঢাকা।
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ।

তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরকে অবহিত করার জন্য

নির্দেশ প্রদান করা হলো।

৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

৪) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ

সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা স্টীল

সাইলো/ মোংলা সাইলো।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০২৬.২০.১৩৫৭/১(৮)

তারিখ: ৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা। বাজেট বাস্তবায়নে শৃঙ্খলার স্বার্থে মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনকালে বাজেট বরাদ্দ ও ব্যয় রেজিস্টার পরীক্ষা করে বরাদ্দকৃত বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার অনুরোধ জানানো হলো।

২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।



২৩-৯-২০২১

মোঃ মাহমুদ হাসান
পরিচালক